# এইচ এস সি পরীক্ষা ২০২০ এর মডেল প্রশ্ন (সকল বোর্ড এর জন্য)

## উৎপাদন ব্যবস্থাপনা ও বিপণন: প্রথম পত্র

বিষয় কোড : ২ ৮ ৬

সময়— ২ ঘণ্টা ৩০ মিনিট | সৃজনশীল প্রশ্ন | পূর্ণমান— ৭০

*[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ দিয়ে পড়ো এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর যথাযথ উত্তর দাও। মোট সাতটি প্রশ্নের উত্তর দাও।]*

**১.▶** ২০১৫ সালের BRT ব্রেড লি. উৎপাদিত পণ্যের বার্ষিক মূল্য ছিল ২৫,০০,০০০ টাকা। উক্ত সময়ে প্রতিষ্ঠানটির ব্যবহৃত উপকরণের মূল্য ছিল যথাক্রমে কাঁচামাল ৬,০০,০০০ টাকা, শ্রমিকের বেতন ও মজুরি ১,৭৫,০০০ টাকা এবং অন্যান্য ২,২৫,০০০ টাকা। ২০১৬ সালে উৎপাদিত পণ্যের বার্ষিক মূল্য ছিল ৩৫,০০,০০০ টাকা এবং ব্যবহৃত উপকরণের মূল্য ছিল যথাক্রমে ৯,০০,০০০ টাকা এবং অন্যান্য ২,৮০,০০০ টাকা।

ক. উপযোগ কী? ১

খ. সময়গত উপযোগ কীভাবে সৃষ্টি হয়? ব্যাখ্যা করো। ২

গ. ২০১৫ সালের BRT ব্রেড লি.-এর মোট উৎপাদনশীলতা নির্ণয় করো। ৩

ঘ. উৎপাদনশীলতার আলোকে BRT ব্রেড লি.-এর ২০১৫ ও ২০১৬ সালের সাময়িক অবস্থার তুলনামূলক বিশ্লেষণ করো। ৪

**২.▶** জনাব আলমাস সিলেটে একটি ডেইরি ফার্ম স্থাপন করেন। তার ফার্মে কয়েকজন শ্রমিক এবং প্রায় দুইশ গরু আছে। তিনি সিলেটে বড় বড় মিষ্টির দোকানে দুধ সরবরাহ করেন। ব্যবসায়টি আরও সম্প্রসারণের জন্য তিনি তার দুই বন্ধুর কাছ থেকে ২০ লক্ষ টাকা মুনাফা প্রদানের ভিত্তিতে বিনিয়োগের সিদ্ধান্ত নিয়েছেন।

ক. উৎপাদনশীলতা কী? ১

খ. শ্রমকে উৎপাদনের পচনশীল উপকরণ বলা হয় কেন? ২

গ. জনাব আলমাসের প্রতিষ্ঠিত ব্যবসায় কীরূপ সংগঠনের অন্তর্ভুক্ত? ব্যাখ্যা করো। ৩

ঘ. বিনিয়োগ সিদ্ধান্তে ব্যবসায়ে কী ধরনের পরিবর্তন আসবে বলে তুমি মনে করো? মতামত দাও। ৪

**৩.▶** এমরান ব্রিকস লি. একটি ইট প্রস্তুতকারী প্রতিষ্ঠান। প্রতিষ্ঠানটি প্রতিবছর ২ লক্ষ টাকার মাটি ক্রয় করে এবং শ্রমিকদের বেতন বাবদ ৫ লক্ষ টাকা প্রদান

করে। জ্বালানি এবং অন্যান্য খরচ বাবদ বার্ষিক ৩ লক্ষ টাকা ব্যয় হয়। ইটভাটার জমি এবং অফিস ভাড়া বাবদ মাসিক ৪০ হাজার টাকা ব্যয় হয়। প্রতিষ্ঠানটির প্রতিবছর ৬০ লক্ষ একক ইট উৎপাদন করে।

ক. সিদ্ধান্ত বৃক্ষ কী? ১

খ. 'উৎপাদন মাত্রা বৃদ্ধি পেলে মুনাফার পরিমাণ বৃদ্ধি পায়' —ব্যাখ্যা করো। ২

গ. এমরান ব্রিকস লি.-এর বার্ষিক উৎপাদন ব্যয় নির্ণয় করো। ৩

ঘ. ২০% লাভে প্রতিটি ইট বিক্রয় করলে প্রতি হাজার ইটের বিক্রয়মূল্য নিরূপণ করো। ৪

**৪.▶** মাসুদ রানা বাংলাদেশের একটি স্বনামধন্য বেসরকারি ব্যাংকে কর্মরত আছেন। তিনি প্রতিমাসে ১,৮৫,০০০ টাকা বেতন পান। তার ভাই সোহেল রানা কানাডার একটি রেস্টুরেন্টে কাজ করেন। তিনি প্রতি মাসে বাংলাদেশি ১,৭০,০০০ টাকার সমমূল্যের বেতন পান।

ক. মাথাপিছু আয় কী? ১

খ. হস্তান্তর পাওনা বলতে কী বোঝায়? ২

গ. মাসুদ রানার আয় বাংলাদেশের কোন আয়ের অন্তর্গত? ব্যাখ্যা করো। ৩

ঘ. বাংলাদেশের জাতীয় আয়ে দুই ভাইয়ের আয়ের প্রভাব তুলনামূলক বিশ্লেষণ করো। ৪

**৫.▶** জনাব নজরুল ইসলাম কক্সবাজারের বাসিন্দা। সে অনার্স পাস করে কোনো চাকরি না পেয়ে ব্যাংক ঋণ নিয়ে সমুদ্র সৈকতের পাশে দুটি হোটেল স্থাপন করলো। মানের দিক থেকে তার হোটেল দুটি উন্নত হওয়ায় গ্রাহক সংখ্যা দিন দিন বৃদ্ধি পাচ্ছে। এতে নজরুল ইসলাম আরও দুটি আন্তর্জাতিক মানের হোটেল স্থাপনের উদ্যোগ নিলেন।

ক. অযাচিত পণ্য কী? ১

খ. ক্রেতা কেন্দ্রিকতা বলতে কী বোঝায়? ২

গ. উদ্দীপকে কোন ধরনের সেবা খাতের কথা উল্লেখ করা হয়েছে? ব্যাখ্যা করো। ৩

ঘ. তুমি কি মনে করো নজরুল ইসলামের কাজটি বৈদেশিক মুদ্রা অর্জনে সহায়ক হবে? তোমার মতামত ব্যক্ত করো। ৪

**৬.▶** স্টার ইলেক্ট্রনিক্স এবং মুন ইলেক্ট্রনিক্স দুটি প্রতিষ্ঠানই রেফ্রিজারেটর উৎপাদন ও বিপণন করে। স্টার ইলেক্ট্রনিক্স তাদের পণ্যটিকে আকর্ষণীয় করে

https://teachingbd24.com

তুলতে ভোক্তাদের চাহিদা এবং তাদের মতামতকে প্রাধান্য দিয়ে থাকে। অন্যদিকে মুন ইলেক্ট্রনিক্স তাদের পণ্যের গুণগত মান এবং স্থায়িত্বের প্রতি গুরুত্বারোপ করে। ভিন্ন ভিন্ন কৌশল অবলম্বন করেও দুটি প্রতিষ্ঠানই সফলতা অর্জনে সক্ষম হয়েছে।

ক. পণ্য ডিজাইন কী? ১

খ. 'পণ্য ডিজাইন ক্রেতাকে পণ্য ক্রয়ে আকৃষ্ট করে' —ব্যাখ্যা করো। ২

গ. স্টার ইলেক্ট্রনিক্স তাদের পণ্যের ক্ষেত্রে কোন ধরনের ডিজাইন অনুসরণ করেছে? ব্যাখ্যা করো। ৩

ঘ. মুন এবং স্টার ইলেক্ট্রনিক্সের পণ্য ডিজাইন তাদের ব্যবসায়ে কীরূপ ভূমিকা রাখবে বলে তুমি মনে করো? বিশ্লেষণ করো। ৪

৭.▶ জনাব আব্দুল হালিম একটি স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে চাকরি করেন। তার প্রতিষ্ঠানটি বাংলাদেশের একমাত্র জাতীয় প্রতিষ্ঠান হিসেবে পণ্যের মান নিয়ন্ত্রণে কাজ করে। কোনো নতুন পণ্য বাজারে ছাড়তে হলে প্রতিষ্ঠানটি থেকে অনুমতিপত্র সংগ্রহ করতে হয়। আব্দুল হালিম সাহেব উৎপাদিত পণ্যের মান নিশ্চিতকরণে তদারকি ও তত্ত্বাবধানমূলক কার্যাদি সম্পাদন করে।

ক. ISO এর পূর্ণরূপ কী? ১

খ. বেঞ্চমার্কিং কীভাবে পণ্যের মান উন্নয়ন ঘটায়? ২

গ. জনাব আবদুল হালিম কোন ধরনের প্রতিষ্ঠানে চাকরি করেন? ব্যাখ্যা করো। ৩

ঘ. উদ্দীপকের প্রতিষ্ঠানটি উৎপাদিত পণ্যের মান নির্ধারণে যে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে তা বিশ্লেষণ করো। ৪

৮.▶ সুরমা কসমেটিক্স লি. ২০টি নতুন অটোমেটিক মেশিন স্থাপন করে পণ্যদ্রব্য উৎপাদন শুরু করে। প্রতিটি মেশিনের দৈনিক উৎপাদনক্ষমতা ১,০০০ পিস সাবান। কিন্তু মাস শেষে প্রতিষ্ঠানটি মাত্র ৪ লক্ষ একক পণ্য উৎপাদন করতে সক্ষম হলো। পরবর্তীকালে তিনি কার্যকর উৎপাদনক্ষমতা বৃদ্ধিতে মনোনিবেশ করেন।

ক. সঞ্চিত উৎপাদন ক্ষমতা কী? ১

খ. 'উৎপাদন ক্ষমতার মালিকানা হস্তান্তরযোগ্য' —ব্যাখ্যা করো। ২

গ. সুরমা কসমেটিক্সের কার্যকর উৎপাদনক্ষমতা নির্ণয় করো। ৩

ঘ. প্রতিষ্ঠানটির কার্যকর উৎপাদন ক্ষমতা বৃদ্ধির জন্য কী পদক্ষেপ গ্রহণ করতে পারে? মতামত দাও। ৪

https://teachingbd24.com

৯.▶ যমুনা একটি ফার্নিচার প্রস্তুতকারী প্রতিষ্ঠান। প্রতিষ্ঠানটির উৎপাদিত পণ্য স্টোর থেকে শোরুমে নেওয়ার সময় এগুলো দুর্ঘটনায় ক্ষতিগ্রস্ত হয়। পরে সেগুলো মেরামতের মাধ্যমে প্রতিষ্ঠানটি সেগুলোকে ব্যবহার উপযোগী করে তোলে। এজন্য যে ব্যয় সংঘটিত হয় তা প্রতিষ্ঠানের মোট ব্যয় বৃদ্ধি করলেও কিছু সুবিধা নিশ্চিত করেছে।

ক. PERT-এর পূর্ণরূপ কী? ১

খ. 'সেবা অস্পর্শনীয়'- ব্যাখ্যা করো। ২

গ. উদ্দীপকের প্রতিষ্ঠানটি কোন ধরনের ব্যয় সম্পাদন করেছে? ব্যাখ্যা করো। ৩

ঘ. 'উক্ত ব্যয় সম্পাদনে প্রতিষ্ঠানের কিছু সুবিধা নিশ্চিত হয়েছে' উক্তিটি বিশ্লেষণ করো। ৪

১০.▶ কুশিয়ারা কোং লি. ম্যাংগো জুস উৎপাদনের পরিকল্পনা গ্রহণ করলো। কারখানাটির অবস্থান নির্ধারণে কোম্পানিটি অনেক বিষয় বিবেচনা করে। সবকিছু অনুকূল মনে হওয়ায় কোম্পানিটি চাঁপাইনবাবগঞ্জে কারখানা স্থাপন করে। চাঁপাইনবাবগঞ্জে প্রচুর আম উৎপাদিত হওয়ায় প্রতিষ্ঠানটি কম খরচে ম্যাংগো জুস উৎপাদন করতে লাগলো।

ক. NNP কী? ১

খ. উৎপাদন ব্যবস্থাপনা বলতে কী বোঝায়? ২

গ. কুশিয়ারা কোং লি. কারখানা স্থাপনে কোন বিষয়টি বিবেচনা করেছে? ব্যাখ্যা করো। ৩

ঘ. চাঁপাইনবাবগঞ্জে কারখানা স্থাপনের যৌক্তিকতা বিশ্লেষণ করো। ৪

১১.▶ জয়ীরীদি সিটি সেন্টারে একটি বৃহদায়তন খুচরা বিপণি প্রতিষ্ঠা করেন। তিনি দৈনন্দিন ব্যবহার্য পণ্যসমূহ পৃথক পৃথক বিভাগে সাজিয়ে রাখেন। ক্রেতারা কোনো ঝামেলা ছাড়াই তাদের পছন্দমতো পণ্য খুঁজে পান এবং ঘুরে ঘুরে দেখার সুযোগ থাকায় বিপণি প্রতিষ্ঠানের জনপ্রিয়তা বৃদ্ধি পায়।

ক. EPZ-এর পূর্ণরূপ কী? ১

খ. বিন্যাস কীভাবে অপচয় হ্রাস করে? ২

গ. জয়ীরীদির বিপণিটি কোন ধরনের লে-আউটের অন্তর্ভুক্ত? ব্যাখ্যা করো। ৩

ঘ. উদ্দীপকের বিপণিটির জনপ্রিয়তার কারণ বিশ্লেষণ করো। ৪

https://teachingbd24.com

## উৎপাদন ব্যবস্থাপনা ও বিপণন: প্রথম পত্র : বহুনির্বাচনি অভীক্ষা

সময়— ৩০ মিনিট পূর্ণমান— ৩০ বিষয় কোড : | ২ | ৮ | ৬ |

*[বিশেষ দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট করো। প্রতিটি প্রশ্নের মান ১।]*

**১. নিচের কোনটি পণ্য ডিজাইনের বৈশিষ্ট্য?**
ক) হস্তান্তরযোগ্যতা খ) অবিচ্ছিন্নতা
গ) মান নির্দিষ্টতা ঘ) বিক্রয়যোগ্যতা

**২. কোন ধরনের ডিজাইন পণ্যের উপযোগিতা বৃদ্ধির লক্ষ্যে করা হয়?**
ক) ব্যবহারিক খ) উৎপাদন
গ) নান্দনিক ঘ) প্যাকিং

**উদ্দীপকটি পড়ো এবং ৩ ও ৪ নং প্রশ্নের উত্তর দাও।**

পূর্বে নাবিস্কো বিস্কুট ফ্যাক্টরির বিস্কুট উৎপাদন ছিল শ্রমিকনির্ভর। বর্তমানে তারা একটি অত্যাধুনিক মেশিন আমদানি করেছে যেখানে শ্রমিকের হাতের ছোঁয়া ছাড়াই বিস্কুট উৎপাদন হয়।

**৩. উদ্দীপকে উল্লিখিত প্রতিষ্ঠানটির পণ্য ডিজাইন কোন ধরনের?**
ক) ব্যবহারিক খ) উৎপাদন
গ) নান্দনিক ঘ) প্যাকিং

**৪. উদ্দীপকে উল্লিখিত প্রতিষ্ঠানটির নতুন ব্যবস্থার ফলে—**
i. উৎপাদন ব্যয় হ্রাস পেয়েছে
ii. সময় সাশ্রয় হয়েছে
iii. অপচয় হ্রাস পেয়েছে
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii খ) ii ও iii
গ) i ও iii ঘ) i, ii ও iii

**৫. নিচের কোনটি নিম্নমানের পণ্যের প্রতিরোধমূলক খরচ?**
ক) পুনঃডিজাইন করা খ) পরীক্ষা ব্যয়
গ) অপচয় ঘ) ওয়ারেন্টি

**৬. সার্বিক মান ব্যবস্থাপনার পূর্বশর্ত হচ্ছে—**
i. ভিত্তি ii. গাঁথুনি
iii. নান্দনিকতা
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

**৭. নারায়ণগঞ্জে ভারী শিল্প গড়ে উঠার কারণ হলো—**
ক) কর সুবিধা খ) ভূমির পর্যাপ্ততা
গ) ধনী লোকের বসবাস ঘ) বন্দর সান্নিধ্য

**৮. সিমেন্ট শিল্পের জন্য কোন ধরনের বিন্যাস উত্তম?**
ক) পণ্য খ) সেবা
গ) স্থির ঘ) অফিস

**উদ্দীপকটি পড়ো এবং ৯ ও ১০ নং প্রশ্নের উত্তর দাও।**

মনিরুল ইসলাম ঢাকার ইস্টার্ন প্লাজা মার্কেটে গেলেন একটি মোবাইল ফোন কিনতে। তিনি দোকানদারের কাছে বিভিন্ন কোম্পানির বিভিন্ন মোবাইলের বিভিন্ন বৈশিষ্ট্য সম্পর্কে জানতে চাইলেন, যেমন ইন্টারনেট চালানো যাবে কি না, ব্লুটুথ আছে কি না, কত GB অভ্যন্তরীণ মেমোরি, ব্যাটারির কার্যঘণ্টা কত ইত্যাদি।

**৯. মি. মনিরুল ইসলাম পণ্যের কোন বিষটি নিয়ে চিন্তিত?**
ক) পণ্যের দাম খ) পণ্যের মান
গ) পণ্যের উপাদানকারী ঘ) পণ্যের সৌন্দর্য

**১০. মনিরুল ইসলামের মতো ক্রেতাদের সন্তুষ্ট করতে কোম্পানির করণীয়—**
ক) ব্র্যান্ডের সুনাম বাড়ানো
খ) পণ্যের বাহ্যিক সৌন্দর্য বাড়ানো
গ) পণ্যের নির্ভরযোগ্যতা বাড়ানো
ঘ) পণ্যের দাম কমানো

**উদ্দীপকটি পড়ো এবং ১১ ও ১২ নং প্রশ্নের উত্তর দাও।**

মি. হাসান 'ফাইন পেন' নামে একটি কলম প্রস্তুতকারী কারখানা স্থাপন করলেন। কারখানাটি বর্তমান ৬টি মেশিনের মাধ্যমে মাসে ৬ লক্ষ কলম উৎপাদন করছে। প্রতিটি মেশিনের সর্বোচ্চ উৎপাদন ক্ষমতা ১.৫০ লক্ষ কলম। প্রতিষ্ঠানের পরবর্তী মাসের লক্ষ্যমাত্রা ৬ লক্ষ কলম থাকলেও হঠাৎ ২টি মেশিন নষ্ট হয়ে যায়।

**১১. 'ফাইন পেন' কোন ধরনের উৎপাদন ক্ষমতা অনুসরণ করছে?**
ক) সর্বোচ্চ উৎপাদন ক্ষমতা
খ) প্রকৌশল উৎপাদন ক্ষমতা
গ) কার্যকর উৎপাদন ক্ষমতা
ঘ) প্রকৃত উৎপাদন ক্ষমতা

**১২. প্রতিষ্ঠানের লক্ষ্যমাত্রা অর্জনে কোন উৎপাদন ক্ষমতা অনুসরণ করতে পারে?**
ক) সর্বোচ্চ উৎপাদন ক্ষমতা
খ) প্রকৌশল উৎপাদন ক্ষমতা
গ) কার্যকর উৎপাদন ক্ষমতা
ঘ) প্রকৃত উৎপাদন ক্ষমতা

**১৩. খুচরা বিপণি বিন্যাসের বৈশিষ্ট্য—**
i. বিভাগ অনুযায়ী পণ্য সাজানো
ii. ক্রেতাদের স্বাচ্ছন্দ্য প্রদান করা
iii. নির্দিষ্ট স্থানে পণ্য স্থির থাকা
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

**১৪. যন্ত্রপাতিগুলো 'U' আকৃতিতে সাজানো হয়—**
i. পণ্য বিন্যাসে
ii. সার্ভিস লে-আউটে
iii. প্রোডাক্ট লে-আউটে
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

**১৫. জাহাজ নির্মাণ কোন লে-আউটের অন্তর্ভুক্ত?**
ক) প্রসেস খ) প্রোডাক্ট
গ) অফিস ঘ) ফিক্সড

**১৬. নিচের কোনটি প্রতিনিধি মধ্যস্থকারবারি?**
ক) পাইকারি ব্যবসায়ী খ) ব্যাংক
গ) দালাল. ঘ) সরবরাহকারী

teachingbd24.com

**উদ্দীপকটি পড়ো এবং ১৭ ও ১৮ নং প্রশ্নের উত্তর দাও।**

সোহাগ নিজস্ব খামারে উৎপাদিত ডিম পাইকারদের কাছে বিক্রয় করে। সব সময় একই পরিমাণ চাহিদা না থাকায় সে ক্ষতিগ্রস্ত হয়।

**১৭. সোহাগ কোন ধরনের মধ্যস্থকারবারির নিকট ডিম বিক্রয় করে?**

ⓚ প্রতিনিধি মধ্যস্থকারবারি
ⓛ বণিক মধ্যস্থকারবারি
ⓜ কার্যভিত্তিক মধ্যস্থকারবারি
ⓝ নিস্ক্রিয় মধ্যস্থকারবারি

**১৮. মধ্যস্থকারবারির কোন কাজের মাধ্যমে সোহাগ উপকৃত হতে পারে?**

ⓚ বাজার তথ্য সরবরাহ ⓛ অর্থসংস্থান
ⓜ পণ্য সংরক্ষণ ⓝ পরামর্শ

**১৯. কেন শিল্প পণ্যের চেয়ে ভোগ্য পণ্যের বণ্টন প্রণালি বড়?**

ⓚ ফ্যাশন সম্পর্কিত
ⓛ ক্রেতাদের শিক্ষার স্তর উচ্চ না নিম্ন
ⓜ ক্রেতার সংখ্যা বেশি
ⓝ বিক্রেতাদের আগ্রহ

**২০. বণ্টন প্রণালি উৎপাদনকারীর জন্য যে কাজ সম্পাদন করে তা হচ্ছে—**

i. কর্মসংস্থান ii. বস্তুগত বণ্টন
iii. ঝুঁকি বণ্টন

**নিচের কোনটি সঠিক?**

ⓚ i ⓛ i ও ii
ⓜ ii ও iii ⓝ i, ii ও iii

**উদ্দীপকটি পড়ো এবং ২১ ও ২২ নং প্রশ্নের উত্তর দাও।**

রহমান এন্ড কোম্পানি একটি পাইকারি ব্যবসায় প্রতিষ্ঠান। এটি খুচরা ব্যবসায়ীদের কাছ থেকে অর্ডার সংগ্রহ করে উৎপাদনকারীর কাছে পাঠিয়ে দেয়। এরপর উৎপাদনকারী ক্রেতাকে পণ্য সরবরাহ করে। রহমান এন্ড কোম্পানি নিজস্ব গুদামে পণ্য রাখে না।

**২১. রহমান এন্ড কোম্পানি হচ্ছে—**

ⓚ ক্যাশ এন্ড ক্যারি পাইকার
ⓛ ট্রাক পাইকার
ⓜ ড্রপ শিপারস্
ⓝ র‍্যাক জবারস্

**২২. রহমান এন্ড কোম্পানির জন্য প্রযোজ্য হচ্ছে—**

i. সীমিত সেবাদানকারী পাইকার
ii. ক্রেতাদের হোম ডেলিভারি দেয়া
iii. বিক্রয়োত্তর সেবা প্রদান করা

**নিচের কোনটি সঠিক?**

ⓚ i ⓛ i ও ii
ⓜ ii ও iii ⓝ i, ii ও iii

**২৩. কোনটি আয়তনে বড়?**

ⓚ বিশিষ্ট বিপণি ⓛ সুপার মার্কেট
ⓜ সুপার স্টোর ⓝ হাইপার মার্কেট

**২৪. মূল্যের স্থিতিশীলতা রক্ষার মাধ্যমে পাইকারি ব্যবসায়ী কার উপকার করে?**

ⓚ সমাজের ⓛ উৎপাদনকারীর
ⓜ ক্রেতাদের ⓝ খুচরা ব্যবসায়ীদের

**২৫. উৎপাদনকারীদের প্রতি পাইকারি ব্যবসায়ীর কার্যাবলি হচ্ছে—**

i. অর্থসংস্থান
ii. বাজার তথ্য সরবরাহ
iii. জীবনযাত্রার মান উন্নয়ন

**নিচের কোনটি সঠিক?**

ⓚ i ⓛ i ও ii
ⓜ ii ও iii ⓝ i, ii ও iii

**উদ্দীপকটি পড়ো এবং ২৬ ও ২৭ নং প্রশ্নের উত্তর দাও।**

'সোনালী স্টোর' একটি খাদ্য ও গৃহস্থালী পণ্য বিক্রয়কারী খুচরা দোকান। এটি স্বসেবার মাধ্যমে কম খরচে, কম লাভে মানসম্পন্ন পণ্য বিক্রয় করে। এটি ক্রেতাদের সুবিধার্থে ইন্টারনেট ব্যবহার করে বিপণন কার্যক্রম সম্পাদন করে। 'সোনালী স্টোর' এখন একটি ডিপার্টমেন্ট স্টোর স্থাপনের সিদ্ধান্ত নিয়েছে।

**২৬. 'সোনালী স্টোর' কোন ধরনের প্রতিষ্ঠান।**

ⓚ চেইন স্টোর ⓛ ডিপার্টমেন্ট স্টোর
ⓜ সুপার মার্কেট ⓝ সুপার স্টোর

**২৭. ক্রেতাদের সুবিধার্থে 'সোনালী স্টোর' যেভাবে বিপণন কার্যক্রম সম্পাদন করে তা হচ্ছে—**

ⓚ গ্রীন মার্কেট ⓛ রিলেশনশীপ মার্কেট
ⓜ মাইক্রো মার্কেটিং ⓝ অনলাইন বিপণন

**২৮. ব্যক্তিক বিক্রয় উৎপাদনকারীর যে উপকার করে তা হচ্ছে—**

i. সিদ্ধান্ত গ্রহণে সহায়তা
ii. চাহিদা সৃষ্টি
iii. তথ্য সরবরাহ

**নিচের কোনটি সঠিক?**

ⓚ i ⓛ i ও ii
ⓜ ii ও iii ⓝ i, ii ও iii

**উদ্দীপকটি পড়ো এবং ২৯ ও ৩০ নং প্রশ্নের উত্তর দাও।**

'এগ্রো লিমিটেড' কৃষিকাজে ব্যবহৃত বিভিন্ন যন্ত্রপাতির উৎপাদনকারী। তারা তাদের পণ্য বিক্রয়ের লক্ষ্যে বিভিন্ন মাধ্যমে বিজ্ঞাপন প্রদানের সিদ্ধান্ত গ্রহণ করে।

**২৯. 'এগ্রো লিমিটেড' কোন মাধ্যমে বিজ্ঞাপন প্রদানের সিদ্ধান্ত নিল?**

ⓚ টেলিভিশন ⓛ রেডিও
ⓜ সাময়িকী ⓝ চলচ্চিত্র

**৩০. বিজ্ঞাপন প্রচারের মাধ্যমে 'এগ্রো লিমিটেড' যে সুবিধা পায় তা হলো—**

i. কৃষি যন্ত্রপাতির পরিচিতি
ii. বিক্রয় বৃদ্ধি
iii. উৎপাদন বৃদ্ধি

**নিচের কোনটি সঠিক?**

ⓚ i ⓛ i ও ii
ⓜ ii ও iii ⓝ i, ii ও iii

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ⓜ | ২ | ⓚ | ৩ | ⓛ | ৪ | ⓝ | ৫ | ⓚ | ৬ | ⓚ | ৭ | ⓚ | ৮ | ⓚ | ৯ | ⓛ | ১০ | ⓜ | ১১ | ⓝ | ১২ | ⓚ | ১৩ | ⓚ | ১৪ | ⓛ | ১৫ | ⓝ |
| ১৬ | ⓜ | ১৭ | ⓛ | ১৮ | ⓚ | ১৯ | ⓜ | ২০ | ⓜ | ২১ | ⓜ | ২২ | ⓚ | ২৩ | ⓝ | ২৪ | ⓚ | ২৫ | ⓛ | ২৬ | ⓜ | ২৭ | ⓝ | ২৮ | ⓜ | ২৯ | ⓛ | ৩০ | ⓛ |

https://teachingbd24.com